MAR. 1 5 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইনকিলাব

## কিন্ডারগার্টেন স্কুলগুলোতে খাতার ব্যবসা এবং ভর্তি ইত্যাদি খরচ আকাশচুম্বী কেন?

দেশের কিন্ডারগার্টেন স্কুলগুলোতে ভর্তি হবার সাথে সাথে একেতো আছে তাদের বিরাট অংকের ভর্তি ফি। তদুপরি বছরের প্রথমে সিজন পড় য়াদের জন্য কিন্ডারগার্টেনের ব্যবসা দেশের কিন্ডারগার্টেনগুলোতে কেজি থেকে আরম্ভ করে মধ্যবিত্ত নিম্নবিত্তরা ভর্তি করাতে গিয়ে আকাশচুম্বী খরচে পড়েন। আমাদের, দেশে কিন্ডারগার্টেনে মেধাবী ও দরিদ্রদের জন্য যে কোনভাবে ভর্তি এত টাকায় তা অসম্ভব।

এছাড়া নীতিমালায় এক এক কিন্ডারগার্টেনে ভর্তি ফি এক রকম নয়। সব চেয়ে লক্ষণীয় বিষয় যে, খাতা বাইরে থেকে কেনা যাবে না। খাতা কিনতে হবে স্ব স্ব কিন্ডারগার্টেন থেকে ১০ টাকার খাতা ১৫ হতে ২০ টাকায়। অথচ বাইরে থেকে খাতা কিনলে পড় য়াদের অভিভাবকদের অনেক টাকা বাঁচতো। তাছাড়া কোমলমতি শিশু পড় য়ারা প্রাথমিকভাবে খাতাগুলো নষ্ট করে। আর দু'এক পৃষ্ঠা খাতা বাতিল। আবার কিনতে হবে। তাই সকল কিন্ডারগার্টেন হতে খাতার ব্যবসাটা অবিলম্বে পরিহার করুন। এটাই আমাদের প্রত্যাশা।

–এ কিউ এম মাহফুজউল্লাহ (বাচ্চু),
৪৫৪, উত্তর শাহজাহানপুর,
ঢাকা-১২১৭